



৬ মার্চ, ২০১৮

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)

প্রেস রিলিজ

ডিজিটাল হলো বাংলাদেশের শ্রম পরিদর্শন ব্যবস্থা

লেবার ইমপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশের শ্রম পরিদর্শন ব্যবস্থার আধুনিকায়ন এবং ডিজিটলাইজেশনের পথে বড় অগ্রগতি সাধিত হলো। লিমা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ) এর তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিশ্লেষণ ব্যবস্থাকে উন্নত করবে, চূড়ান্তভাবে যা সব শিল্পের মালিক ও শ্রমিকদেও উপকারে আসবে।

লিমা অ্যাপ তৈরিতে আন্তর্জাতিক শ্রম সংস্থার “বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে কর্মপরিবেশ উন্নয়ন” কর্মসূচি সহযোগিতা করেছে এবং অর্থায়ন করেছে কানাডা, নেদারল্যান্ডস ও যুক্তরাজ্য।

শিল্প কারখানা ও শ্রমিক সংগঠনের প্রতিনিধি এবং উন্নয়ন সহযোগীদের উপস্থিতিতে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক, এমপি, রাজধানীর আমারি হোটেলে আজ মঙ্গলবার লেবার ইমপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) আনুষ্ঠানিকভাবে চালু করেন। একই অনুষ্ঠানে আইএলও’র দেয়া ২৫০টি অ্যান্ড্রয়েড ট্যাবলেট কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়, যা শ্রম পরিদর্শনে ব্যবহৃত হবে।

অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক বলেন, “লিমার প্রচলন ডিজিটাল বাংলাদেশের পথে যাত্রায় এক বিশাল পদক্ষেপ, একই সাথে এটি প্রতিটি কর্মক্ষেত্রে নিরাপদ কর্মক্ষেত্রে পরিণত করা এবং শ্রম-অধিকার রক্ষায় বাংলাদেশ যে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ তারও প্রমাণ।”

লিমা কেন্দ্রীয়ভাবে তথ্য সংগ্রহ ও ব্যবস্থানার সুবিধা দিয়ে শ্রম পরিদর্শনসংক্রান্ত কাজে গতিশীলতা আনবে। মালিক ও শ্রমিকপক্ষের জন্য নির্দিষ্ট কিছু তথ্য প্রকাশ এবং অনলাইন সেবা, কারখানার লাইসেন্স প্রদান ও কর্মপরিবেশ সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রদানের মাধ্যমে লিমা পরিদর্শন ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করবে।

ডাইফের মহাপরিদর্শক মোঃ সামছুজ্জামান ভূইয়া এই নতুন সিস্টেমটির গুরুত্ব তুলে ধরে বলেন, “লিমা ডাইফের কাজে একটি নতুন মাত্রা যোগ করবে। এর মাধ্যমে আমাদের কার্যক্রম আরো শক্তিশালী হবে যা বিভিন্ন শিল্পখাতে কর্মরত ব্যক্তিদের কল্যাণ, সুরক্ষা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক হবে। এছাড়া এই অ্যাপ বিভিন্ন ধরনের প্রতিবেদন তৈরিতে সহায়ক হবে।

অনুষ্ঠানে বাংলাদেশে আইএলও’র দায়িত্বপ্রাপ্ত প্রধান জনাব স্লেহাল সোনেজি বলেন, “লিমার মাধ্যমে শ্রম পরিদর্শকরা কাগজ-কলমের বদলে ট্যাবলেট কম্পিউটার ব্যবহার করবে। একইসাথে এটি ডাইফের চলমান অগ্রগতি এবং ডিজিটলাইজেশন ও স্বচ্ছতার প্রতি ডাইফ নেতৃত্বের অঙ্গীকারের প্রতিফলন।”

লিমা সিস্টেমে চারটি মডুল রয়েছে। কলকারখানা/প্রতিষ্ঠান তথ্যভাণ্ডার মডুলের মাধ্যমে অনলাইনে কারখানার লেআউট প্ল্যান অনুমোদন এবং লাইসেন্সের জন্য আবেদন, লাইসেন্স নবায়ন ও সংশোধন করা যাবে। শ্রম পরিদর্শন মডুলের মাধ্যমে শ্রম পরিদর্শনের মাধ্যমে তথ্য লিমার কেন্দ্রীয় ডাটাবেজে জমা থাকবে যা প্রতিবেদন তৈরি ও পরিদর্শন ব্যবস্থাপনা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে ব্যবহৃত হবে। পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক মডুলের মাধ্যমে কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনা, জখম ও রোগব্যাদি সম্পর্কিত তথ্য জানানো যাবে। লিমার অন্যান্য মডুলের মাধ্যমে পোশাক কারখানার নিরাপত্তা সংস্কার কাজের অগ্রগতি এবং ডাইফের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

লিমা সিস্টেমে একটি অভিযোগ বাস্ক রয়েছে। যার মাধ্যমে শ্রমিক কিংবা মালিকপক্ষ কর্মপরিবেশ সম্পর্কে ডাইফের নিকট যেকোন অভিযোগ দাখিল করতে পারবে। অনলাইনে <http://lima.dife.gov.bd> ওয়েবসাইট থেকে কিংবা স্মার্টফোন অ্যাপের (যা <http://bit.ly/2DSTRBI> থেকে ডাউনলোড করা যাবে) মাধ্যমে অভিযোগ দাখিল এবং তা সুরাহার অবস্থা জানা যাবে।

আরো তথ্যের জন্য:

মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, ডাইফ, মোবাইল: ০১৯১৮৬৩৩১৯৩, ই-মেইল: forkanahsan@gmail.com

অক্ষিতা সাদমান, কমিউনিকেশন অফিসার, আইএলও, মোবাইল: ০১৭৮ ৭৬৬ ৬৭৬১, ই-মেইল: shadman@ilo.org